Australian Government
Department of Home Affairs

ভিসা আবেদনের খরচ ফেরত এবং মওকুফ

ভিসা আবেদনের খরচ ফেরত

আপনি যদি একটি ভিসা আবেদন বা ভিসা এক্সটেনশনের জন্য অর্থ পরিশোধ করে থাকেন যা COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞা দ্বারা প্রভাবিত হয়েছে তাহলে আপনি আপনার ভিসা আবেদনের খরচ (VAC) ফেরত বা মওকুফের যোগ্য হতে পারেন।

আপনি যদি আপনার আসল VAC রসিদে 'পরিশোধকারী' হিসাবে দেখানো ব্যক্তি হন তবেই কেবল আপনি VAC ফেরতের অনুরোধ করতে পারেন।

COVID-19 জনিত ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে VAC ফেরতের অনুরোধ ফর্ম ব্যবহার করে আপনার অর্থ ফেরতের অনুরোধ করুন।

VAC ফেরতের অন্যান্য বিধান সংক্রান্ত আরো তথ্যের জন্য ফেরত পাওয়া দেখুন।

আপনার ভিসার বিস্তারিত ও শর্তাবলী সম্পর্কে জানতে আপনি VEVO ব্যবহার করতে পারেন।

অস্থায়ী দক্ষতা ঘাটতি বা অস্থায়ী কর্ম (দক্ষ) ভিসা (সাবক্লাস 482 ও 457)

যদি আপনি এখন অস্ট্রেলিয়ার বাইরে থাকেন এবং 1 ফেব্রুয়ারি 2020 তারিখে বা এর আগে আপনার কাছে একটি অস্থায়ী দক্ষতা ঘাটতি বা অস্থায়ী কর্ম (দক্ষ) ভিসা থেকে থাকে, যেটি তখন অকার্যকর হয়ে যায়, তাহলে পরবর্তী অস্থায়ী দক্ষতা ঘাটতি (সাবক্লাস 482) ভিসার আবেদনের জন্য আপনি VAC ছাড়ের যোগ্য হতে পারেন, যদি:

- ভিসার মেয়াদ শেষ হওয়ার আগে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে না পারেন; বা
- অস্ট্রেলিয়া ভ্রমণ এবং প্রস্থান করে থাকেন, কিন্তু আপনার ভিসা স্থগিত হওয়ার আগে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় ফিরে আসতে না পারেন।

আবেদনকারীদের একটি বৈধ মনোনয়ন থাকতে হবে। অবশ্যই 31 ডিসেম্বর 2022-এর আগে আবেদন জমা দিতে হবে।

ওয়ার্কিং হলিডে মেকার (Working Holiday Maker)

ওয়ার্কিং হলিডে মেকার (WHM) ভিসাধারীরা যারা 19 জানুয়ারি 2022 এবং 19 এপ্রিল 2022 এর মধ্যে অস্ট্রেলিয়ায় আগত তারা VAC ফেরত পাওয়ার যোগ্য। আরো তথ্যের জন্য, রিফান্ড পাওয়া দেখুন।

আপনি অফশোর শূন্য VAC (কোনো ফি নেই) WHM ভিসা অথবা VAC ফেরতের জন্য অনলাইনে আবেদন করতে পারেন, যদি:

- 20 মার্চ 2020 এর আগে আপনাকে একটি COVID-19 প্রভাবিত WHM ভিসা দেওয়া হয়েছিল
- 20 মার্চ 2020 থেকে 31 ডিসেম্বর 2021-এর মধ্যে আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালে আপনার ভিসার মেয়াদ শেষ হয়ে থাকে; এবং
- আপনি আপনার WHM ভিসায় অস্ট্রেলিয়া ভ্রমণ করেননি, অথবা আপনার WHM ভিসা বন্ধ হওয়ার আগে আপনি অস্ট্রেলিয়া ত্যাগ করেছেন।

যোগ্য হলে, আপনি 1 জুলাই 2021 থেকে 31 ডিসেম্বর 2022 পর্যন্ত অনলাইনে অফশোর শূন্য VAC WHM ভিসার আবেদন করতে পারেন। আরো তথ্যের জন্য দেখুন ওয়ার্কিং হলিডে মেকার প্রোগ্রাম - সর্বশেষ সংবাদ।

আপনি যদি বয়সের শর্ত পূরণ না করার কারণে আর অফশোর শূন্য VAC WHM ভিসার জন্য আবেদন করতে না পারেন, তাহলে আপনি VAC ফেরতের জন্য আবেদন করতে পারবেন। এর জন্য COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞা VAC ফেরতের জন্য আবেদন ফরম ব্যবহার করুন। আমরা আপনার ফেরতের অনুরোধ প্রত্যাখ্যান করে থাকলে কোনো পর্যালোচনার সুযোগ নেই।

অবশ্যই 31 ডিসেম্বর 2022 তারিখের মধ্যে অফশোর শূন্য VAC আবেদনপত্র ও VAC ফেরতের আবেদন জমা দিতে হবে।

5 মার্চ 2022 থেকে, আপনি একটি অনশোর শুন্য VAC WHM আবেদন করতে পারেন যদি আপনি সেই সময়ে অস্ট্রেলিয়াতে থাকেন এবং আবেদন করার যোগ্য হন। অনশোর শূন্য VAC WHM ভিসার জন্য ভিসার যোগ্যতা এবং আবশ্যক বিষয়াদি সম্পর্কে আরো তথ্য সর্বশেষ সংবাদ-এ পাবেন। বয়সোপযোগিতার শর্ত আর পূরণ না করার কারণে অনশোর শূন্য VAC ভিসার জন্য আবেদন করার যোগ্য নন এমন WHM-দের জন্য কোনো VAC ফেরত উপলভ্য নেই।

শিক্ষার্থী

যদি আপনি 1 ফেব্রুয়ারি 2020 অথবা তার পরে শিক্ষার্থী ভিসা নিয়ে থাকেন এবং COVID-19-এর প্রভাবের কারণে মূল ভিসার মেয়াদ থাকা অবস্থায় আপনার কোর্স শেষ করতে না পারেন, তাহলে

আমরা আপনাকে আরো একটি শিক্ষার্থী ভিসার আবেদন জমা দেওয়ার জন্য ভিসা আবেদন ফি মওকুফ করব। এর মধ্যে রয়েছে, যদি:

- ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে আপনি অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে অক্ষম হওয়ায় আপনার পড়াশোনা স্থগিত হয়ে থাকে
- আপনি খণ্ডকালীন অধ্যয়নের ভার কমাতে বাধ্য হয়েছিলেন
- আপনার কর্মভিত্তিক প্রশিক্ষণ বা প্লেসমেন্ট সম্পন্ন করতে পারেননি।

এই ব্যবস্থাটি সেইসব শিক্ষার্থীদের জন্য নয় যারা সাধারণ কারণে নতুন শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করছেন (যদি আপনি কোনো কোর্স বা অধ্যয়নের কোনো ইউনিটে অকৃতকার্য হয়ে থাকেন, ব্যক্তিগত কারণে পিছিয়ে দিয়ে থাকেন বা স্বেচ্ছায় আপনার অধ্যয়নের ভার কমানো হয়ে থাকে)।

আপনার ফি মওকুফের আবেদন গৃহীত হওয়ার জন্য আপনাকে অবশ্যই একটি শিক্ষার্থী ভিসার আবেদন করতে হবে এবং আপনার শিক্ষা প্রদানকারীর কাছ থেকে একটি পূরণকৃত ফর্ম 1545 COVID-19 প্রভাবিত শিক্ষার্থী (Form 1545 COVID-19 Impacted Student) সংযুক্ত করতে হবে।

আপনি যদি অস্ট্রেলিয়াতে ফি মওকুফের জন্য আবেদন করেন, তাহলে স্বয়ংক্রিয়ভাবে কোনো ব্রিজিং ভিসা প্রদান করা হবে না, কারণ প্রথমে ফি মওকুফের বিষয়টি যাচাই করতে হবে।

এই ছাড় শুধুমাত্র VAC এর ক্ষেত্রে প্রযোজ্য।

এছাড়াও, যেসকল শিক্ষার্থী ভিসাধারী অস্ট্রেলিয়ার বাইরে আছেন এবং 19 জানুয়ারি 2022 থেকে 19 মার্চ 2022 তারিখের মধ্যে আগমন করেন, তারা তাদের VAC রিফান্ড পাওয়ার যোগ্য হতে পারে। কীভাবে VAC ফেরতের জন্য আবেদন করবেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য ফেরত পাওয়া দেখুন।

দর্শনার্থী (সাবক্লাস 600)

আপনি একটি নতুন দর্শনার্থী (সাবক্লাস 600) ভিসার জন্য আবেদন করতে পারেন (ফ্রিকোয়েন্ট ট্রাভেলার স্ট্রিম ব্যতীত) কোনো ফি ছাড়াই (VAC মওকুফ) যদি:

- আপনি অস্ট্রেলিয়ার বাইরে এবং
- আপনি একটি দর্শনার্থী (সাবক্লাস 600) ভিসা ধারণ করেছেন বা পূর্বে ধারণ করেছিলেন যা:
    - আমরা 21 মার্চ 2020 এর আগে অস্ট্রেলিয়ার বাইরে মঞ্জুর করেছি
    - 20 মার্চ 2020 এবং 30 জুন 2022 এর মধ্যে মেয়াদ শেষ হয়েছে বা মেয়াদ শেষ হবে
    - আপনার ভিসাটি ছিল একটি মাল্টিপল এন্ট্রি ভিসা বা একটি সিঙ্গেল এন্ট্রি ভিসা যা অস্ট্রেলিয়া ভ্রমণের জন্য ব্যবহার করা হয়নি

আপনাকে অবশ্যই 31 ডিসেম্বর 2022 এর মধ্যে ImmiAccount এর মাধ্যমে অনলাইনে আপনার নতুন আবেদন করতে হবে।

আপনার অনলাইন আবেদন ফর্মে আমাদের জানান যে আপনি COVID-19 জনিত ভ্রমণ নিষেধাজ্ঞা দ্বারা প্রভাবিত পূর্ববর্তী দর্শনার্থী ভিসা ধারণ করেছিলেন। যদি আমরা আপনার যোগ্যতা নিশ্চিত করি তাহলে আপনি আপনার আবেদন জমা দেওয়ার সময় আপনাকে VAC দিতে হবে না।

আপনি শুধুমাত্র একবার আপনার VAC মওকুফ চেয়ে আবেদন করতে পারেন। আমরা আপনার ভিসা প্রত্যাখ্যান করলেও আপনি দ্বিতীয়বার মওকুফের যোগ্য হবেন না।

সম্ভাব্য বিবাহ ভিসা

2020 সালের শেষ দিকে/2021 সালের প্রথম দিকে, সম্ভাব্য বিবাহ ভিসাধারী (সাবক্লাস 300), পূর্বের ভিসাধারী ও COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় প্রবেশে অক্ষম ভিসা আবেদনকারীদের সহায়তা করার জন্য কিছু পরিবর্তন আনা হয়েছে।

29 অক্টোবর 2021-এ, ভিসার মেয়াদের আরো বর্ধিতকরণ এবং VAC রিফান্ড চালু করা হয়েছিল। এইগুলি সম্ভাব্য বিবাহ ভিসা ধারকদের কাজে লাগে যারা COVID-19 জনিত ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন।

ভিসা সম্প্রসারণ

10 ডিসেম্বর 2020 তারিখে সম্ভাব্য বিবাহ ভিসাধারী বা ঐ দিন অস্ট্রেলিয়ার বাইরে থাকা পূর্বের ভিসাধারী এবং 6 অক্টোবর 2020 থেকে 10 ডিসেম্বর 2020-এর মধ্যে যেকোনো সময় সম্ভাব্য বিবাহ ভিসাধারীদের ভিসার মেয়াদ 31 মার্চ 2022 পর্যন্ত বাড়ানো হয়েছে।

29 অক্টোবর 2021 তারিখে, যেসকল সম্ভাব্য বিবাহ ভিসাধারীগণের সাবক্লাস 300 ভিসা ছিল এবং 15 সেপ্টেম্বর 2021 তারিখে অস্ট্রেলিয়ার বাইরে ছিলেন, তাদের ভিসার মেয়াদ 31 মার্চ 2022 পর্যন্ত বাড়ানো হয়েছে।

আপনার ভিসার বিস্তারিত ও শর্তাবলী সম্পর্কে জানতে আপনি VEVO ব্যবহার করতে পারেন।

যাদের ভিসার মেয়াদ বাড়ানো হয়েছে তাদের জন্য ভিসা আবেদনের চার্জ ফেরত প্রদান

যেসকল ক্ষেত্রে COVID-19 সংক্রান্ত ভ্রমণ নিষেধাজ্ঞা ভিসাধারীদের অস্ট্রেলিয়া ভ্রমণে ও তাদের সঙ্গীকে বিবাহ করার উপর প্রভাব ফেলছে, সেসকল ক্ষেত্রে ভিসা আবেদনের খরচ (VAC) ফেরত দেওয়া হচ্ছে।

যদি আপনার সম্ভাব্য বিবাহ ভিসার মেয়াদ 10 ডিসেম্বর 2020 তারিখে বর্ধিত হয়ে থাকে, তাহলে আপনার VAC আদায়কারী সেটি ফেরতের জন্য আবেদন করতে পারবেন, যদি:

- আপনি এই ভিসাধারী হিসেবে 10 ডিসেম্বর 2020 তারিখের পর অস্ট্রেলিয়ায় ভ্রমণ না করে থাকেন এবং
- ফেরতের আবেদনের সময়, হয়:

- আপনার ভিসার কার্যকারিতা শেষ হয়ে যায় বা আপনার আবেদনের প্রেক্ষিতে সেটি বাতিল হয়ে যায় অথবা
- আপনার ভিসা বর্তমানে কার্যকর থাকে এবং আপনি মন্ত্রণালয়কে আপনার ভিসা বাতিলের জন্য বলে থাকেন।

যদি আপনার সম্ভাব্য বিবাহ ভিসার মেয়াদ 29 অক্টোবর 2021 তারিখে আনিত পরিবর্তন অনুযায়ী বর্ধিত হয়ে থাকে, তাহলে VAC আদায়কারী সেটি ফেরতের জন্য আবেদন করতে পারবেন, যদি:

- আপনি একটি সম্ভাব্য বিবাহ ভিসা ধারণ করেছেন এবং 15 সেপ্টেম্বর 2021-এ অস্ট্রেলিয়ার বাইরে ছিলেন এবং
- আপনি এই ভিসাধারী হিসেবে 15 সেপ্টেম্বর 2021 তারিখের পর অস্ট্রেলিয়ায় ভ্রমণ না করে থাকেন এবং
- ফেরতের অনুরোধের সময় আপনার ভিসা বাতিল হয়ে গেছে কারণ আপনি মন্ত্রিকে আপনার ভিসা বাতিল করতে বলেছেন।

সাধারণত, শুধুমাত্র মূল VAC রসিদে 'প্রদানকারী' হিসেবে প্রদর্শিত ব্যক্তিই VAC ফেরতের জন্য আবেদন করতে পারবেন। অবশ্যই 31 ডিসেম্বর 2022 তারিখের মধ্যে ফেরতের আবেদন করতে হবে।

আপনার ভিসাটি যদি এখনো কার্যকর থাকে, তাহলে VAC ফেরতের আবেদন করার আগে আপনাকে অবশ্যই আপনার ImmiAccount ব্যবহার করে আপনার সম্ভাব্য বিবাহ ভিসা (সাবক্লাস 300) বাতিলের জন্য আবেদন করতে হবে।

যদি আপনি VAC ফেরত পাওয়ার যোগ্য হয়ে থাকেন, তাহলে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞা VAC ফেরতের জন্য আবেদন ফরম ব্যবহার করুন।

VAC ফেরতযোগ্য নয় যদি:

- মন্ত্রণালয় আপনার সম্ভাব্য বিবাহ ভিসা বাতিল করেন (যদি না আপনি সেটি বাতিলের আবেদন করে থাকেন) বা
- আপনি একটি সঙ্গী ভিসার (সাবক্লাস 801) জন্য আবেদন জমা দেন এবং হ্রাসকৃত VAC আদায় করেন, কারণ আপনি একটি সম্ভাব্য বিবাহ ভিসাধারী ছিলেন বা
- আপনার ভিসার কার্যকারিতা শেষ হওয়ার সময় আপনি বা আপনার স্পন্সর ডিপার্টমেন্টকে জানান যে আপনারা আর বিয়ে করতে চান না

প্রাক্তন ভিসাধারীদের এবং যারা অস্ট্রেলিয়াতে তাদের সঙ্গীকে বিয়ে করতে অক্ষম তাদের জন্য ভিসা আবেদনের চার্জ ফেরত প্রদান

যদি আপনার সম্ভাব্য বিবাহ ভিসার মেয়াদ 20 মার্চ 2020 ও 5 অক্টোবর 2020 সময়কালের মধ্যে শেষ হয়ে যায়, তাহলে ভিসা আবেদন খরচ (VAC) প্রদানকারী VAC ফেরত পাওয়ার যোগ্য হতে পারেন, যদি আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকাকালে আপনার ভিসার মেয়াদ শেষ হয়।

আপনার ভিসা বন্ধ হয়ে গেলে এবং COVID-19 জনিত নিষেধাজ্ঞার কারণে আপনার ভিসা বাতিল হওয়ার আগে আপনি অস্ট্রেলিয়ায় আপনার স্পন্সরকে বিয়ে করতে না পারলে VAC প্রদানকারীও VAC ফেরত পাওয়ার জন্য যোগ্য হতে পারেন। এর মধ্যে কোয়ারেন্টাইনের আবশ্যকতা, স্টেট লকডাউন বা আন্তঃস্টেট ভ্রমণ নিষেধাজ্ঞা অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনি যদি আপনার ভিসায় অস্ট্রেলিয়া ভ্রমণ করেন তাহলে VAC প্রদানকারী এই বিধানগুলির অধীনে অর্থ ফেরতের জন্য যোগ্য হতে পারেন এবং:

- আপনার ভিসা 20 মার্চ 2020 থেকে 5 অক্টোবর 2020 এর মধ্যে কার্যকর থাকা বাতিল হয়ে গেছে যখন আপনি অস্ট্রেলিয়ায় ছিলেন বা
- আপনার ভিসা 10 সেপ্টেম্বর 2021 থেকে কার্যকর ছিল এবং আপনি যখন আপনার ফেরতের অনুরোধ করবেন তখন থেকে আপনার ভিসা কার্যকর থাকবে না।

VAC ফেরতযোগ্য হবে না যদি আপনি COVID-19 সংক্রান্ত নিম্নলিখিত নিষেধাজ্ঞাসমূহের কারণে আপনার স্পন্সরকে বিয়ে না করেন:

- প্রস্তাবিত বিয়ের অনুষ্ঠানে উপস্থিত হতে সক্ষম অতিথির সংখ্যা সীমিত হয়ে গেছে
- অতিথিদেরকে বা নির্দিষ্ট অতিথিদেরকে প্রস্তাবিত বিয়ের অনুষ্ঠানে আসা থেকে বিরত করেছে বা
- আপনার ও আপনার স্পন্সরকে আপনাদের পছন্দের সময় বা স্থানে বিয়ের অনুষ্ঠান আয়োজন করা থেকে বিরত করেছে।

সাধারণত, শুধুমাত্র মূল VAC রসিদে 'প্রদানকারী' হিসেবে প্রদর্শিত ব্যক্তিই VAC ফেরতের জন্য আবেদন করতে পারবেন। যদি আপনি VAC ফেরত পাওয়ার যোগ্য হয়ে থাকেন, তাহলে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞা VAC ফেরতের জন্য আবেদন ফরম ব্যবহার করুন।

VAC ফেরতযোগ্য নয় যদি:

- মন্ত্রণালয় আপনার সম্ভাব্য বিবাহ ভিসা বাতিল করেন (যদি না আপনি সেটি বাতিলের আবেদন করে থাকেন) বা
- আপনি একটি সঙ্গী ভিসার (সাবক্লাস 801) জন্য আবেদন জমা দেন এবং হ্রাসকৃত VAC আদায় করেন, কারণ আপনি একটি সম্ভাব্য বিবাহ ভিসাধারী ছিলেন বা
- আপনার ভিসার কার্যকারিতা শেষ হওয়ার সময় আপনি বা আপনার স্পন্সর ডিপার্টমেন্টকে জানান যে আপনারা আর বিয়ে করতে চান না।

পূর্বের সম্ভাব্য বিবাহ ভিসাধারীদের ক্ষেত্রে, পরবর্তী যেকোনো সম্ভাব্য বিবাহ বা সঙ্গী ভিসার আবেদনের প্রক্রিয়াকরণকে প্রাধান্য দেওয়া হয়। আবেদন প্রক্রিয়াকরণের সময় নির্ভর করে আবেদনপত্রটি সম্পূর্ণ কি না এবং সেটি ভিসার সকল শর্ত পূরণ করে কি না তার উপর।

সম্ভাব্য বিবাহ ভিসা আবেদনকারী

COVID-19 সংক্রান্ত ভ্রমণ নিষেধাজ্ঞার কারণে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে না পারা সম্ভাব্য বিবাহ ভিসা আবেদনকারীদের সহায়তার জন্য, 27 ফেব্রুয়ারি 2021 থেকে অনুমোদিত ভিসাসমূহের মেয়াদ 9 থেকে 15 মাস পর্যন্ত হতে পারে। এটি আগের সাধারণ 9 মাস মেয়াদে করা একটি

পরিবর্তন। আবেদনকারীর পরিস্থিতির উপর 27 ফেব্রুয়ারি 2021 তারিখে বা এর পরে অনুমোদন পাওয়া সম্ভাব্য বিবাহ ভিসার মেয়াদ নির্ভর করবে।

আপনার ভিসার বিস্তারিত ও শর্তাবলী সম্পর্কে জানতে আপনি VEVO ব্যবহার করতে পারেন।